PROSHIKA
A CENTRE FOR HUMAN DEVELOPMENT

# আয়কর বিষয়ক পরামর্শ

প্রিয় সহকর্মীবৃন্দ

তারিখঃ ২৬ আগস্ট, ২০২৫ ইং

শুভেচ্ছা রইল। আপনারা হয়ত অবগত আছেন যে, ১লা জুলাই ২০২৫ থেকে কিছু ব্যতিক্রম ছাড়া আয়কর রিটার্ণ অনলাইনে দাখিল করতে হবে। অনলাইনে রিটার্ণ দাখিল করার জন্য প্রথমে আপনাকে অনলাইন রেজিষ্ট্রেশন করতে হবে। অত:পর আপনাকে অনলাইনে রিটার্ণ সাবমিট করতে হবে।

## অনলাইন রেজিষ্ট্রেশন:

অনলাইন রিটার্ণ দাখিলের জন্য ই-রিটার্ণ সিস্টেমে রেজিষ্ট্রেশন করতে হবে। উক্ত সিস্টেমে রেজিষ্ট্রেশনের জন্য আপনার জাতীয় পরিচয়পত্র ব্যবহার পূর্বক বায়োমেট্রিক পদ্ধতিতে নিবন্ধিত সিমকার্ড সম্বলিত মোবাইল ফোন নম্বর ও আপনার টিন নম্বর প্রয়োজন হবে। অনলাইন রেজিষ্ট্রেশনের জন্য কেন্দ্রীয় অফিসের সহকর্মীবৃন্দ আগামী ২৪-০৮-২৫ ইং থেকে জনাব কাজী মাহবুব আলম, পরিচালক এসডব্লিওএফ এন্ড টেক্স-ভ্যাট এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। প্রশিকা মাঠ পর্যায়ের সহকর্মীবৃন্দ অনলাইন রেজিষ্ট্রেশনের জন্য জনাব মোঃ নাজমুল হুদা মোবাইল নং -০১৯১৬০০১৪১০ এর নিকট যোগাযোগ করতে পারেন।

অনলাইন রেজিষ্ট্রেশনের কাজটি খুবই সহজ এবং আপনি নিজে নিজেই অনলাইন রেজিষ্ট্রেশন করতে পারবেন। এ বিষয়ে NBR এর ওয়েবসাইটে নির্দেশনা দেয়া আছে। Google Chrome এ গিয়ে e-return এ click করলে System আপনাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।

## অনলাইন রিটার্ণ ফিল-আপ:

অনলাইনে রিটার্ণ ফিলাপের কাজটি আপনি নিজে বা অন্য কারো সহযোগীতা নিয়ে পূরণ করতে পারবেন। প্রয়োজনে প্রশিকা আয়কর বিভাগে যোগাযোগ করতে পারেন।

## বিনিয়োগ ভাতা:

আগামী বছর আপনার করদায়-এর পরিমাণ বৃদ্ধি পাবে। আপনি আইন সম্মতভাবে কর কমাতে চাইলে অর্থ্যাৎ আয়কর রেয়াত পেতে আপনাকে নির্দিষ্ট কিছু খাতে বিনিয়োগ বা দান করতে হবে । আপনি সর্বোচ্চ কত বিনিয়োগ করলে সর্বোচ্চ সুবিধা পেতে পারেন এই বিষয়ে পরামর্শের জন্য আমাদের সাথে যোগাযোগ করতে পারেন।

**HEAD OFFICE:** PROSHIKA BHABAN, I/1-GA, Section-2, Mirpur, Dhaka-1216.

**নতুন করদাতা যারা:**

১ জুলাই ২০২৪ ইং থেকে ৩০ জুন ২০২৫ ইং পর্যন্ত যাদের সর্বমোট বেতন পুরুষ-৫৬২,৫০০ ( পাঁচ লক্ষ বাষট্টি হাজার পাঁচশত) টাকা এবং নারী ৬৩৮,০০০ (ছয় লক্ষ আটত্রিশ হাজার) টাকার উর্ধ্বে তাদের করযোগ্য আয় রয়েছে। এদের বেতন থেকে উৎসে কর কর্তন করে NBR এ জমা দেয়ার কাজটি চলমান রয়েছে। উৎসে করের রিটার্ণ NBR এ জমা দেয়ার জন্য আপনার টিন নাম্বারটি প্রয়োজন। ইতোমধ্যে যারা টিন সনদ তৈরী করেছেন তাদের টিন সনদের একটি কপি আমাদের নিকট পাঠানোর জন্য অনুরোধ করা হলো। আর যারা এখনও টিন সনদ তৈরী করেন নাই তাদের অনতিবিলম্বে টিন সনদ সংগ্রহ করে আমাদের নিকট পাঠাতে হবে। টিন সনদ যে কোন কম্পিউটার কম্পোজের দোকান থেকে তৈরী করা যায়। প্রয়োজনে টিন সনদ তৈরীর জন্য জনাব মোঃ নাজমুল হুদা, এসডব্লিওএফ এন্ড ট্যাক্স-ভ্যাট এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

**আগামী ৮ই সেপ্টেম্বর ২০২৫ ইং থেকে ২০২৪-২০২৫ অর্থ বছরের কেন্দ্রীয় অফিস ও ফিল্ড অপারেশনের সকল সহকর্মীদের বেতন বিবরণী প্রদান করা হবে।**

আয়কর বিষয়ক যে কোন পরামর্শের জন্য নিম্নস্বাক্ষরকারীর নিকট যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে

কাজী মাহবুব আলম
পরিচালক
কর্মীকল্যাণ তহবিল ও ভ্যাট-ট্যাক্স বিভাগ, প্রশিকা
মোবাইল- ০১৬১২-১৮০৩৬৪